

যুগান্তর

প্রিন্ট: ১২ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০৫ পিএম

শিক্ষাঙ্গন

আইইউবিএটির ৮ম সমাবর্তন অনুষ্ঠিত



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১১ ফেব্রুয়ারি ২০২৫, ০৯:২৯ পিএম



ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজির (আইইউবিএটি) অষ্টম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ সমাবর্তনের আয়োজন করা হয়।

সমাবর্তনে ১ হাজার ৪১২ জন স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়।
কৃতিত্বপূর্ণ ফলের জন্য তিনজন স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীকে ‘মিয়ান স্বর্ণপদক’ দেওয়া
হয়। রিয়ানা আজাদ (বিসিএসই) স্বর্ণপদক পাওয়া শিক্ষার্থীদের মধ্যে সর্বোচ্চ অবস্থান অর্জন
করে মর্যাদাপূর্ণ আলিমউল্লাহ মিয়ান পুরস্কার লাভ করেন।

সমাবর্তন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা
রিজওয়ানা হাসান। সভাপতির বক্তব্যে আইইউবিএটির গবেষণা, বৈশ্বিক র‍্যাঙ্কিং এবং টেকসই
শিক্ষা কার্যক্রমের প্রশংসা করেন।

সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব পোর্টসমাউথের অধ্যাপক
ট্যামসিন ব্র্যাডলি। তিনি যুক্তরাজ্য ও বাংলাদেশের মধ্যে একাডেমিক ও বৈজ্ঞানিক
সহযোগিতার গুরুত্ব তুলে ধরেন। আইইউবিএটি ও ইউনিভার্সিটি অব পোর্টসমাউথের মধ্যে
চলমান সহযোগিতারও প্রশংসা করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন আইইউবিএটির উপাচার্য অধ্যাপক আবদুর রব। সমাপনী বক্তব্যে
আইইউবিএটির কোষাধ্যক্ষ অধ্যাপক সেলিনা নাগিস উপস্থিত সবাইকে আন্তরিক কৃতজ্ঞতা
জানান।

১৯৯১ সালে আইইউবিএটি প্রতিষ্ঠা করেন অধ্যাপক এম আলিমউল্লাহ মিয়ান। তিনি ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) পরিচালক ছিলেন।